

## দি/বাস রেসিডেন্সিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজ গণিতে ভরসা গাইড বই

বিষয়্যোতি চৌধুরী, মৌলভীবাজার থেকে

সৃজনশীল প্রশ্নপত্র চারটি পর্যায় থাকে— জ্ঞান, অনুধাবন, প্রয়োগ ও উচ্চতর দক্ষতাসুলক। এ চারটি পর্যায়ে আলানো আলানো নম্বর থাকে। এর মধ্যে শেষ দুই ধাপের প্রশ্নের লিংক খুঁজে না পেলে উত্তর দেয়া কষ্টসাধ্য। এ জন্য অশ্রয় নিতে হয় গাইড বইয়ের। যেতে হয় কোটিং সেন্টারে। আর গণিতে তো গাইড বইয়ের সাহায্য নিতেই হয়। এমনই অভিযোগ মৌলভীবাজার জেলার অন্যতম শিক্ষাপ্রতিষ্ঠান দি/বাস রেসিডেন্সিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের।

দশম শ্রেণীর বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী সুমিত্রা দেব তবী জানান, গণিতে গাইড বইয়ের ওপরই নির্ভর করতে হয়। তাছাড়া গণিতে সময় কম থাকায় তাড়াছড়ো করতে গিয়ে উত্তর ভুল হয়। একই কথা বলে দশম শ্রেণীর আরেক শিক্ষার্থী সানজিদা রাজবীন। শিক্ষক-শিক্ষার্থীদের গাইড-নির্ভরতার কথা জানিয়ে প্রতিষ্ঠানটির অধ্যক্ষ লে. কমান্ডার (অব.) জাকির আহমদ বলেন, সৃজনশীল প্রশ্নপত্র নিয়ে শিক্ষকদের ধারণা স্পষ্ট নয়। এটি বাস্তবায়নের ক্ষেত্রে আরও গবেষণার প্রয়োজন আছে। আমাদের পরীক্ষায় একজন শিক্ষককে চার থেকে পাঁচটি ক্লাসের প্রশ্নপত্র প্রস্তুত করতে হয়। তিনি প্রশ্নপত্র প্রস্তুতের যথেষ্ট সময়



সৃজনশীলের  
ডালো-মুদ্র

পান না। তখন শিক্ষকরা প্রশ্নপত্র করার সময় নিজেরাই গাইড বইয়ের অশ্রয় নেন। সৃজনশীলের ওপর স্বল্পমেয়াদি প্রশিক্ষণে শিক্ষকরাই বিষয়টি উপলব্ধি করতে পারছেন না। শিক্ষার্থীরা কীভাবে রত্ত করবে? সৃজনশীল পদ্ধতিকে ইতিবাচক হিসেবে বর্ণনা করে তিনি আরও বলেন, নতুন সবকিছুই প্রশ্নমুদিকে খাপ খাইয়ে নিতে সমস্যা হয়। অজানা আশংকা ও ভীতি সবার মনে কাজ করে। সময়ের পরিক্রমায় এ শংকা ধাববে না। কেটে যাবে ভীতি।

তবে গণিতের শিক্ষক সুরঞ্জিত বলেন, বাজারে গাইড বইয়ের সহজলভ্যতার কারণে ছাত্রছাত্রীরা শর্টকাট পদ্ধতি বেছে নেয়। এতে তাদের মেধা বিকশিত হচ্ছে না। ফলও বিপর্যয় হচ্ছে। তিনি শিক্ষাব্যবস্থায় সৃজনশীল পদ্ধতির প্রচলনকে ইতিবাচক হিসেবে বর্ণনা করে এর সঠিক ও

কার্যকর বাস্তবায়নে গাইড প্রকাশ বন্ধ করা এবং শিক্ষকদের দীর্ঘমেয়াদি প্রশিক্ষণের ওপর গুরুত্বারোপ করেন। রসায়নের সহযোগী অধ্যাপক হাসান মোহম্মদ মোর্শেদুল আলম জানান, সৃজনশীল বিষয়ের ওপর শিক্ষকদের স্বল্পমেয়াদি প্রশিক্ষণ খুব একটা কাজে লাগছে না। ইংরেজির শিক্ষক কমল্যান কান্তি চক্রবর্তী বলেন, পদ্ধতিটি নিঃসন্দেহে ভালো। কিন্তু এর সঠিক বাস্তবায়ন খুবই কষ্টসাধ্য। বেননা গাইড : পৃষ্ঠা ৭ : কলাম ৫

### গাইড : ভরসা (৩য় পৃষ্ঠার পর)

ওধু বড় শহরের বড় প্রতিষ্ঠানের দিকে তাকিয়ে নীতিনির্ধারণ করা তাড়াছড়ো করে এর বাস্তবায়ন করতে গিয়ে পদ্ধতির মূল উদ্দেশ্যই ব্যাহত হচ্ছে। মফস্বলের ছেলেমেয়েদের প্রতিভা আছে। প্রতিভা বিকাশের ক্ষেত্রে বড় শহরের বড় বড় শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের তুলনায় তাদের সুযোগ-সুবিধার যথেষ্ট সীমাবদ্ধতা আছে। মফস্বলের শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদেরই সৃজনশীলে ধারণা অস্পষ্ট। পদার্থবিজ্ঞানের শিক্ষক উম্মে ফাতেমা বলেন, সৃজনশীল পদ্ধতি বাস্তবায়নে শিক্ষকদের প্রশিক্ষণের পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত দিকটিও বিবেচনায় আনতে হবে। আর অভিভাবকদের তাদের ছেলেমেয়েদের ক্লাসে শক্তিশালী উপস্থিতি নিশ্চিত করতে হবে।  
কাল ছাপা হবে : কুলাউড়া নবীন চন্দ্র মডেল উচ্চ বিদ্যালয়